

## 🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ৬৭

## 💵 আরবি মূল আয়াত:

## وَ الَّذِينَ إِذَا اَنفَقُوا لَم يُسرِفُوا وَ لَم يَقتُرُوا وَ كَانَ بَينَ ذَٰلِكَ قَوَامًا ﴿ ٤٧﴾

## 

আর তারা যখন ব্যয় করে তখন অপব্যয় করে না এবং কার্পণ্যও করে না। বরং মাঝামাঝি অবস্থানে থাকে। — আল-বায়ান

আর যখন তারা ব্যয় করে তখন অপব্যয় করে না, আর কৃপণতাও করে না; এ দু'য়ের মধ্যবর্তী পস্থা গ্রহণ করে।

— তাইসিকল

আর যখন তারা ব্যয় করে তখন তারা অপব্যয় করেনা এবং কার্পন্যও করেনা; বরং তারা আছে এতদুভয়ের মাঝে মধ্যম পন্থায়। — মুজিবুর রহমান

And [they are] those who, when they spend, do so not excessively or sparingly but are ever, between that, [justly] moderate — Sahih International

৬৭. এবং যখন তারা ব্যয় করে তখন অপব্যয় করে না, কৃপনতাও করে না, আর তাদের পন্থা হয় এতদুভয়ের মধ্যবর্তী।(১)

(১) অর্থাৎ আল্লাহর প্রিয় বান্দারা অপব্যয় করে না এবং কৃপণতাও করে না; বরং উভয়ের মধ্যবর্তী সমতা বজায় রাখে। আয়াতে السُرَافُ এবং এর বিপরীতে إُفْتَارُ শব্দ ব্যবহার করা হয়েছে। أَسْرَافُ এর অর্থ সীমা অতিক্রম করা। শরীয়তের পরিভাষায় ইবনে আব্বাস, মুজাহিদ, কাতাদাহ, ইবনে জুবায়েরের মতে আল্লাহ্র অবাধ্যতার কাজে ব্যয় করা سُرَافُ তথা অপব্যয়; যদিও তা এক পয়সাও হয়। কেউ কেউ বলেন, বৈধ এবং অনুমোদিত কাজে প্রয়োজনাতিরিক্ত বয়য় করাও অপব্যয়ের অন্তর্ভুক্ত। কেননা, إَنْ الْمُبَذّرينَ كَانُوا إِخْوَانَ الشّيَاطِين) [সূরা আল-ইসরাঃ ২৭]

ুট্টাশন্দের অর্থব্যয়ে ক্রটি ও কৃপণতা করা। শরীয়তের পরিভাষায় এর অর্থ যেসব কাজে আল্লাহ ও তাঁর রাসূল ব্যয় করার আদেশ দেন, তাতে ব্যয় না করা বা কম করা। এই তাফসীরও ইবনে আব্বাস, কাতাদাহ প্রমুখ হতে বর্ণিত আছে। তখন আয়াতের অর্থ হবে, আল্লাহর প্রিয় বান্দাদের গুণ এই যে, তারা ব্যয় করার ক্ষেত্রে অপব্যয় ও ক্রটির মাঝখানে সততা ও মিতব্যয়ীতার পথ অনুসরণ করে। দেখুন। [ফাতহুল কাদীর, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৬৭) এবং যারা ব্যয় করলে অপচয় করে না, কার্পণ্যও করে না; বরং তারা এ দুয়ের মধ্যবর্তী পন্থা অবলম্বন করে। [1]
  - [1] আল্লাহর অবাধ্যতায় (পাপকাজে) খরচ করা অপব্যয় এবং আল্লাহর পথে খরচ না করা কৃপণতা। আর আল্লাহর নির্দেশানুসারে ও তাঁর আনুগত্যের পথে খরচ করা হল মধ্যপন্থা অবলম্বন করা। (ফাতহুল কাদীর) অনুরূপ আবশ্যকীয় খরচে ও বৈধ খরচেও সীমা অতিক্রম করা অপব্যয় বলে গণ্য। অতএব সে ক্ষেত্রেও সাবধানতা ও মধ্যপন্থা অবলম্বন করা একান্ত জরুরী।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2922

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন